জীবননগরে মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা, চোরাচালান প্রতিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১০টায় জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।
সভায় প্রধান অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

সভায় উপস্থিত থেকে বক্তব্য দেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লা, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, জীবননগর থানার পরিদর্শক (তদন্ত) স্বপন কুমার, সাংবাদিক জাহিদ বাবু, মিথুন মাহমুদ প্রমুখ।

হাওয়া ভবন ফিরে পেতে বিএনপি’র আন্দোলন-ওবায়াদুল কাদের

আওয়ামী লীগের উন্নয়ন দেখে বিএনপির গায়ে জালা, ঢাকার মেট্টো রেল এলিভেটেড এক্◌্রপ্রেস ওয়ে, পদ্মা সেতুসহ ১০০টি সেতু, চট্রগামে বঙ্গবন্ধু টানেলসহ শেখ হাসিনার উন্নয়ন দেখে ফকরুলরা অন্তর জ্বালায় মরছে। ওয়ান ইলেভেনের আগের সেই ময়ুর সিংহাসন হাওয়া ভবন ফিরে পেতে বিএনপি এই আন্দোলন করছে ঝিনাইদহের জনসভায় প্রধান অতিথির ভাষণে ওবায়দুল কাদের এসব কথা বলেন। বিএনপি চাঁদাবাজী করে তিনদিন আগে থেকে কাঁথা বিাালশ নিয়ে সমাবেশ করছে এসব করে কোন লাভ হবেনা, তাদের বিরুদ্ধে “খেলা হবে” বলেও তিনি উল্লেখ করেন।

রবিবার (১৩নভেম্বর) ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রীবার্ষিক

সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের, এমপি।

সকালে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের মাঠে এই সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন আ’লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ হনিফ। বিশেষ অতিথি হিসেবে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম ও প্রধান বক্তা হিসেবে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক বক্তব্য রাখেন।

smart

এছাড়া বিশেষ অতিথি হিসেবে দলের কার্যনির্বাহী কমিটির সদস্য এ্যাড. আমিরুল আলম মিলন, এমপি, পারভীন জামান কল্পনা ও গ্লোরিয়া সরকার, এমপি, ঝিনাইদহ-২ আসনের তাহজীব আলম সিদ্দিকী এমপি, ঝিনাইদহ
- ৩ আসনের শফিকুল ইসলাম চঞ্চল এমপি, ঝিনাইদহ-৪ আসনের আনোয়ারুল আজিম আনার এমপি, খালেদা খানম এমপি, সাবেক এমপি শফিকুল ইসলাম অপুসহ অন্যান্য নেতৃবৃন্দ। সমাবেশের সভাপত্বিত করেন ঝিনাইদহ-১ আসনের এমপি ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এবং সঞ্চালনায় ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সকাল ৭টা থেকেই সমাবেশে আসতে থাকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে নেতা কর্মীরা। ১০টা হতে না হতেই কানাই কানাই পূর্ণ হয়ে উঠে সমাবেশ স্থল। শহরের গুরুত্বপূণ সড়ক মিছিলে মিছিলে সরব হয়ে উঠে। দুর পাল্লার কোন গাড়ি শহেও ডুকতে পারেনি।

সমাবেশ শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের কমিটি ঘোষণা করেন। বিগত কমিটির সভাপতি আব্দুল হাই এমপি এবং সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু কে পুনরায় সভাপতি এবং সাধারণ সম্পাদক নির্বাচিত করেন।

উল্লেখ সর্বশেষ ২০১৫ সালের ২৫মার্চ জেলার ওয়াজির আলী স্কুল মাঠে জেলা সম্মেলন এবং কমিটি ঘোষিত হয়েছিল।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উপজেলা পরিষদ চত্বরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ মেলা আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা – ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি।

উদ্বোধন শেষে মেলার স্টল ঘুরে দেখেন প্রধান অতিথি সহ অতিথি বৃন্দরা। মেলায় ৪০ টি স্টলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা সম্প্রসারণ ও তার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপজেলার বিভিন্ন সরকারি – বেসরকারি প্রতিষ্ঠান তাদের আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবন ডিজিটাল সেবা সমূহ প্রদর্শন করা হয়।বেলা ১১ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম এর সভাপতিত্বে বঙ্গবন্ধু মোড়াল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা,বাইসাইকেল ও বেঞ্চ বিতরণ করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি কোভিড-১৯ মোকাবিলায় স্থানীয় সরকারের মাননীয় মন্ত্রী জাতীয় সংসদ সদস্যদের অনুকূলে দেওয়া বরাদ্দকৃত অর্থ হতে উপজেলার ১০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী, হত দরিদ্র শিক্ষার্থীদের মোট ১৩০ টি বাইসাইকেল ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট ৬৩৭ জোরা বেঞ্চ বিতরণ করেন।বিতরণ কালে তিনি বর্তমান সরকারের সার্বিক সেক্টরের অভাবনীয় তথ্য ও উন্নয়ন চিত্র তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন প্রধান অতিথি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের নব- নির্বাচিত চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃশহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান,সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম।

সমগ্র অনুষ্ঠানটি উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ এর প্রাণবন্ত সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ কামাল উদ্দিন,সরকারি দপ্তরের দপ্তর

প্রধান, উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,শিক্ষার্থী, গণমাধ্যম কর্মী, রাজনৈতিক ব্যাক্তিবর্গ প্রমূখ।

বিকালে দিনব্যাপী এ ডিজিটাল উদ্ভাবনী মেলার সমাপনী অনুষ্ঠান পুরুস্কার বিতরণীর মধ্য দিয়ে শেষ হয়েছে।

মুজিবনগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে ডিজিটাল উদ্ভাবনী মেলা।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা চত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

এর আগে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল-জান্নাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলার উদ্বোধন করেন।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেলাই (১) উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ(২)ডিজিটাল সেবা(৩)হাতের মুঠোয় সেবা (৪) শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান নামে চারটি প্যাভিলিয়ন অংশগ্রহণ করে। প্যাভিলিয়ন-১ উদ্ভাবনী উদ্যোগ ও

স্টার্টআপ প্যাভিলিয়নে, উপজেলা কৃষি অফিস,সমাজ সেবা অফিস। প্যাভিলিয়ন-২ ডিজিটাল সেবা প্যাভিলিয়নে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উপজেলা ভূমি অফিস,উপজেলা নির্বাচন অফিস,মুজিবনগর থানা,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস,পরিবার পরিকল্পনা অফিস।

প্যাভিলিয়ন-৩ হাতের মুঠোয় সেবা প্যাভিলিয়নে, ব্যাংক,ইউনিয়ন ডিজিটাল সেন্টার উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ অফিস,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,উপজেলা শিক্ষা অফিস প্যাভিলিয়ন-৪ শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান প্যাভিলিয়নে,মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক

অধিদপ্তর,বিআরডিবি,আনসার ও ভিডিপি অফিস অংশ গ্রহন করে। এছাড়াও দিন ব্যাপি আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা অনু্ষ্ঠিত হয়।

বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপি মেলার সমাপ্তি হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বিজ্ঞান শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে মুজিবনগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড এর আয়োজন করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের কিট প্যারেড অনুষ্ঠিত

মেহেরপুর জেলা পুলিশ অফিসার ও সদস্যদের সমন্বয়ে কিট প্যারেড রবিবার সকালে পুলিশ লাইন্সে অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ৯ টার সময় এ কিট প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

কিট প্যারেডে অভিবাদন গ্রহন করেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম ।

কিট প্যারেডে পুলিশ সুপার জেলা পুলিশের সকল অফিসার ও ফোর্সদের নামে সরকারি ইস্যুকৃত ইউনিফর্ম, বেল্ট, হ্যান্ড কাপ, সুজ, অস্ত্র ও গুলিসহ আনুষাঙ্গিক জিনিস পত্র পরিদর্শন করেন। পুলিশ সদস্যদের শারীরিক ফিটনেসও পর্যবেহ্মণ করেন।

পুলিশ সুপার বলেন, বাংলাদেশ পুলিশ একটি সু-শৃঙ্খল বাহিনী। এই বাহিনীর পোশাকেও তার বহিঃপ্রকাশ থাকতে হবে। তিনি ফোর্সদের পেশাদারিত্বের সাথে কাজ করে জনগনের আস্থা অর্জন করার নির্দেশনা প্রদান করেন।

কিটস প্যারেডে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোঃ জামিরুল ইসলাম সহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা ও কনস্টেবলরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের কীট প্যারেড অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলায় বিভিন্ন ইউনিট ইনচার্জ ও অফিসার ফোর্সদের অংশগ্রহণে সকাল সাড়ে আটটার সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে কীট প্যারেড অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন,, চুয়াডাঙ্গা অভিবাদন মঞ্চ থেকে সালামী গ্রহণ শেষে পুলিশ সদস্যদের কীট সামগ্রী পরিদর্শন করেন। এ সময় পুলিশ সুপার অফিসার-ফোর্সের শারীরিক ফিটনেস ও টার্নআউট এবং কীট সামগ্রী পরিদর্শন শেষে জিএস (গুড সার্ভিস) মার্ক প্রদান করেন।

কীট সামগ্রী পরিদর্শন শেষে পুলিশ সুপার সন্তুষ্টি প্রকাশ করেন। প্রাপ্যতার প্রাধিকার ভিত্তিতে বিভাগীয় পোষাক ভান্ডার হতে মালামাল সরবরাহের জন্য সংশ্লিষ্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করেন। মালামাল সংক্রান্ত কোন সমস্যা পরিলক্ষিত হলে অতিরিক্ত

পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) সরকারী নম্বরে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করেন। সালামী গ্রহণ, কীট সামগ্রী পরিদর্শন শেষে পুলিশ সুপার মহোদয় অফিসার ফোর্সদের উদ্দেশ্যে শৃংখলা, ড্রেসরুলস্ মেনে পুর্ণাঙ্গ পোষাক পরিধান করা, স্বাস্থ্য সচেতনতা, পরিস্কার-পরিচ্ছন্নতা এবং জনসাধারণের সাথে উত্তম ব্যবহারসহ বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

উক্ত কীট প্যারেডে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, পুলিশ লাইন্সের আরআই মোঃ আমিনুল ইসলাম সহ জেলার সকল ইউনিটের অফিসার-ফোর্সগণ উক্ত জেলা পুলিশের কীট প্যারেড অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় জোহান ড্রীমভ্যালী পার্কে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল এমরানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আঃ মান্নান রানা।

এছাড়াও ঝিনাইদহ প্রেসক্লাবের প্রচার সম্পাদক ও খুলনা মহানগরের সাবেক ছাত্র নেতা শামীমুল ইসলাম শামীম, জেলা সৈনিক লীগের সহ সভাপতি আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক বি এম শফি উদ্দিন, আক্তারুজ্জামান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাহেদ কবির লিমন, জেলা সৈনিক লীগ নেতা মোস্তফা কামাল, আলম গীর হোসেনসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিল।

বক্তারা বলেন আগামী ১৮ নভেম্বরের কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মলনের মধ্যদিয়ে আমরা আশা করছি বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা আমাদের এই সংগঠনকে বাংলাদেশ আওয়ামী লীগের সহযোগী সংগঠন হিসেবে স্বীকৃতি দেবেন। বক্তারা আরো বলেন আগামী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ দলীয় প্রার্থীকে জয়লাভের জন্য মাঠে সৈনিক লীগের নেতা কর্মীদের সক্রিয় কাজ করার আহবান জানান।

কুষ্টিয়ায় জাতীয় সংবিধান দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

জাতীয় সংবিধান দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে আলাচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক আরিফুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সিরাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, বিজ্ঞ জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার হাজী রফিকুল আলম টুকু, কুষ্টিয়া পাবলিক লাইব্রেরির সদস্য সচিব বিশিষ্ট লেখক ও গবেষক দৈনিক কুষ্টিয়ার সম্পাদক ড. আমানুর আমান, কুষ্টিয়া প্রেসক্লাবের (কেপিসি) সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম তার বক্তব্যে বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। এটি একটি লিখিত দলিল। সংবিধান দেশের সর্বোচ্চ আইন, দেশ পরিচালনার ক্ষেত্রে সর্বদা সংবিধানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংবিধানের মর্যাদা সমুন্নত রাখতে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে কাজ করে যেতে হবে।

সভায় বক্তারা বলেন, পৃথিবীতে যত সংবিধান হয়েছে তার মধ্যে বাংলাদেশের সংবিধান অন্যতম। আর এই সংবিধানকে সমুন্নত রাখার দায়িত্ব সকলের।

বক্তারা আরও বলেন, ৪ নভেম্বর বাঙালি জাতির এক ঐতিহাসিক দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে দীর্ঘ ২৩ বছরের রাজনৈতিক সংগ্রাম ও ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয়ের মাত্র ১১ মাসের মধ্যে এদিনে গৃহীত হয়েছিল বাঙালি জাতির অধিকারের দলিল, বহুল আকাঙ্ক্ষিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

সরকারের কর্মচারীরাই সংবিধানের ধারক ও বাহক হিসেবে উল্লেখ করে সকলকে নিষ্টার সাথে দায়িত্ব পালনের আহবান জানান বক্তারা।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট নাসরিন আক্তার বানু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নূরে সফুরা ফেরদৌস, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ভূমি দবির উদ্দিন, কুষ্টিয়া প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এম লিটনউজ্জামান, সাপ্তাহিক প্রভাষণ পত্রিকার সম্পাদক আক্তারুজ্জামান মৃধা পলাশ, দৈনিক দেশের বানী পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক এসএম জামালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ‘সংবিধান বিল’ হিসেবে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। সংবিধান প্রণয়নের সুবর্ণজয়ন্তীতে ৪ নভেম্বরকে ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে ঘোষণা করেছে সরকার। এবার থেকে প্রতি বছর ৪ নভেম্বর ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে পালিত হবে।

মুজিবনগরে জেল হত্যা দিবস উপলক্ষে আলোচন ও দোয়া মাহফিল

অনুষ্ঠিত

“লাল সবুজ পতাকায় আজও তাদের স্বপ্ন উড়ে শ্রদ্ধাভরে স্মরণ করে এক রক্তেভেজা মানচিত্র”

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়ে।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, জেল হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অডিটরিয়ামে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা এর সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের সঞ্চালনায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন (এমপি) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড: ইব্রাহিম শাহীন।

আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তাহমিনা খাতুন, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাবলু।জাতীয় চার নেতাকে নির্মমভাবে জেলখানায় হত্যার তিব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা। পরে নিহত চার নেতা ও ১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু সহ সকল শহীদ এর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

জেলহত্যা দিবস পালন অনুষ্ঠানে মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আওয়ামীলীগের নেতাকর্মীরা অংশগ্রহন করেন।